[illegible] [illegible] [illegible] – [illegible] [illegible]-

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible]

[illegible] [illegible] – [illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible],
[illegible] [illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible]
[illegible] [illegible] [illegible] [illegible]

করবো পরিচয়,
জীবনকে তুমি গড়ে তুলো
করো প্রেমময়।
মা জননী বুকে আমি
থাকতে চাই জনম বর,
জননীকে খুজতে গিয়ে
কাটিয়েছি বহু প্রহর।

আমি – আরোহী ইসলাম কথা

আমি কল্পনা করতে ভালবাসি,
তাই কল্পনাপ্রিয় মানুষ আমি।
আমি নিরব হয়ে লিখতে ভালবাসি ,
তাই নিরব আমি।

আমি চাঁদটাকে দেখতে ভীষণ ভালবাসি
তার চার পাশে আকাশ জুড়ে তারার মেলা গুলো মেঘের সাথে
আড়াল হয়ে উকি ঝুঁকি লুকোচুরি খেলতে ভীষণ ভালো লাগা কাজ করে।

আমি দু’হাত মেলে রাতের আধারে মিষ্টি বাতাস স্পর্শ করতে ভালবাসি, তখন মনে হয় যদি আমি পাখি হতাম তাহলে উড়ে যেতাম ,
ডানা মেলে বাতাসের সাথে বন্ধুত্ব করতে।

আমি গান গাইতে ভালবাসি ,
মৌমাছির মতো গুন গুন করে।
আমি স্বপ্ন দেখি,
ঠিক আমার মতো করে।

রোজাদারের ঈদ – মোঃ আজিজুর রহমান

হাট বাজারে ভিড়ের চোটে
পা ফেলা যে দায়
কেনাকাটা করতে সবাই
দোকান পাটে যায়।

পছন্দমত কিনছে সবাই
আলতা চুড়ি রঙ্গিন ফিতা জামা কাপড় গয়না
সাথে আছে ছোট মনির খেলনা।

রোজার ঈদে রোজাদারের নেই যে তেমন কেনাকাটা
আছে শুধু খোদার কাছে
গুনাহ মাফের প্রার্থনা।

গুনাহ থেকে মাফ যদি পাই
তবেই রোজার সার্থকতা
সেই খুশিতে রোজাদার
করবে পালন ঈদ।

জেগে ওঠো মুসলিম – এম.আবু বকর সিদ্দিক

ফিলিস্তিনে জ্বলছে আগুন
পুড়ছে আমার ভাই,

বিশ্ব মুসলিম জেগে ওঠো আর যে সময় নাই ৷

দরদ মনে ফিলিস্তিনে
ফরাও তোমার কান,
জালিমেরা নির্বিচারে মারছে মুসলমান ৷

বাঁচার জন্য নারী-শিশু করতেছে চিৎকার,
মানবতার ঘোষকেরা
সবাই নির্বিকার ৷

আপন বলে বলিয়ান হও
বাঁচাও তোমার ভাই,
তা না হলে বিশ্ব মুসলিম
পুড়ে হবে ছাই ৷

এই মুহূর্তে জুটি বেঁধে
শক্ত করো হাত,
ভঙে ফেলো মানুষ খেকো
জালিমের বিষদাঁত ৷

ফলের মাস জৈষ্ঠ্য – মজনু মিয়া

এখন চলছে ফলেরই মাস
ছেলে-মেয়ের প্রিয়,
পারলে কিছু টাটকা ফলমূল
তাদের কিনে দিও।

গ্রামের ছেলে-মেয়ে তারা
তরতাজা ফল খেয়ে,
সঠিক পুষ্টি ভিটামিন পায়

গাছেরই ফল পেয়ে।

হাট বাজারে পাওয়া যায় ফল
লিচু, লটকন ও জাম,
আরো মিলে মজার যত
কাঁঠাল, জামরুল ও আম।

★ঈদ আনন্দ মেলা★ —- পারভীন আকতার

দীর্ঘ একমাস সিয়াম সাধনা
তারপর আসে ঈদ,
আনন্দ আর কোলাকুলিতে
চন্দ্র মুদে নীদ।

ছেলেমেয়েরা খুশি মনে ঈদের সেমাই খায়,
সালামি পায় বড় থেকে
খুশির সীমা নাই।

মা দাদীরা নতুন শাড়ীতে দেখতে লাগে বেশ,
সবার মুখেই ঈদের হাসি খুশি ভরায় রেশ।

নতুন পোশাক বাহারি খাবার আত্মীয় দেখার পালা,
বহুদিন পর দেখি প্রিয় মুখ ঈদ আনন্দ মেলা।

ঈদের হাসি ঈদের খুশি

ঈদের হাসি ঈদের খুশি
ছড়িয়ে সবার মনে
ঈদ আসবে মেঘের ভেলায়
পাখির গানে গানে

খোকন সোনার মুখে হাসি
পড়বে নতুন জামা
সেই জামাটা আনলো কিনে খোকন সোনার মামা

বাবা দেবেন ঈদ সালামী খোকন খুশি তাই
মা করবে রান্না মজার খুশির সীমা নাই।

ঈদুল ফিতর

ঘরে ঘরে ঈদের আমেজ
নাইরে চোখে নিদ,
স্বজনেরা আসবে কাছে
করব খুশির ঈদ।

ভোর হলেই বিছান ছেড়ে গোসল করব সবে,
নতুন কাপড় পরে মনটা
খুশি খুশি হবে।

যাকাত, ফেতরা নিয়ম মত দেবো হিসাব করে,
ঈদের খুশি পৌঁছে যাতে সবার ঘরে ঘরে।

ঈদের মাঠে নামাজ পড়ে তুলব দুটি হাত,
প্রভু মোদের, ক্ষমা করো
দাও সেরা জান্নাত।

ঈদমুবারক ঈদ মুবারক
বলব মনের সুখে,
ধনী-গরিব সবার সাথে
মিলব বুকে বুকে।

দু’টো টাকাই চাই

গগন ঘেঁষে চাঁদ উঠেছে
ঈদ এলোরে ঈদ,
তাধিন তাধিন নাচে খুকি
খোকা ধরে গীত।

তাইনা দেখে ইচ্ছে জাগে
আবার হবো খোকা,
ইদের দিনে কাঁদবো আবার যেমন ছিলাম বোকা।

কাঁদছি কি আর শখের বসে চাইছি দু’টো টাকা,
হাজার টাকা দিয়ে বাবা পকেট করে ফাঁকা।

দু’টো টাকাই লাগবে আমার দু’টো টাকাই চাই,
হাজার টাকার মুল্য তখন আমার কাছে নাই।